



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯


তারিখ: ২৪.১০.২০১৮

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থী ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে-

১. প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীরা ভর্তির ওয়েবসাইটে (<http://admission.cu.ac.bd>) লগইন করে নিজ নিজ আসনের অবস্থান জানতে পারবে। সিট প্ল্যান দেখার আগে অবশ্যই প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।
 ২. প্রত্যেক পরীক্ষার্থীর ডাউনলোডকৃত দুই কপি প্রবেশপত্র, পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি ও উচ্চ মাধ্যমিক/সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ভর্তি পরীক্ষার দিন অবশ্যই সংগে নিয়ে আসতে হবে।
 ৩. পরীক্ষার্থীরা পরীক্ষার হলে FX-100 বা এর নিচে সাধারণ মানের (মেমরী অপশন ব্যতীত) ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। পরীক্ষার হলে প্রার্থীর মোবাইল ফোন, Calculator with Memory Option, Electronic Device সম্বলিত ঘড়ি ও কলম বা যে কোন ধরনের Device সঙ্গে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। তবে B ইউনিট ও B1 উপ-ইউনিট ভর্তি পরীক্ষায় পরীক্ষার হলে পরীক্ষার্থীদের Calculator সঙ্গে রাখা ও ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
 ৪. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অতীতের ন্যায় বিধিবদ্ধ নিয়মনীতি কঠোরভাবে অনুসরণপূর্বক অত্যন্ত গোপনীয়তা ও সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে প্রশ্নপত্র প্রণয়নসহ ভর্তি পরীক্ষা সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা করছে। এ বিষয়ে কারো কাছে কোন অভিযোগ দৃষ্টিগোচর হলে তা ১ম ও ২য় শিফটে নির্ধারিত পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ সময়ের ন্যূনতম ১(এক) ঘন্টা পূর্বে (যেমনঃ ১ম শিফটে সকাল ৮:৪৫ মিঃ ও ২য় শিফটে দুপুর ১:১৫ মিঃ এর পূর্বে) সকল প্রমাণাদিসহ সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটরের কাছে লিখিত অভিযোগ করা যাবে। এ সময়ের পরে পরীক্ষা বা প্রশ্নপত্র সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।
 - সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকসহ অন্যকোন মাধ্যমে যে কোন ধরনের অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য ভর্তি পরীক্ষার্থী ও তাদের অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।
 ৫. ভর্তি পরীক্ষায় কারো বিরুদ্ধে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে কর্তব্যরত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।
 ৬. পরীক্ষার্থীদের সঙ্গে আগত অভিভাবকবৃন্দকে নিরাপত্তার স্বার্থে তাঁদের জাতীয় পরিচয়পত্র অথবা নিজস্ব পরিচয়পত্র (যদি থাকে) সার্বক্ষণিক সঙ্গে রাখার জন্য অনুরোধ করা হলো।
- বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইট (<http://admission.cu.ac.bd>)-এ পাওয়া যাবে।

আদেশক্রমে-


(এস. এম. আকবর হোসাইন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)

রেজিস্ট্রার অফিস

ও সচিব, ভর্তি কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর: ০১৫৫৫৫৫৫১৫৭